

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সরকারি আবাসন পরিদপ্তর  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.doga.gov.bd](http://www.doga.gov.bd)

“বিজ্ঞপ্তি”


সকল সম্মানিত অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পেনশন মঞ্জুরি সহজীকরণের লক্ষ্যে সরকারি বাসায় বসবাস সংক্রান্ত না-দাবী অত্যন্ত দ্রুততার সাথে প্রদান করা হচ্ছে। অবসরগ্রহণকারী সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের ক্ষেত্রে চূড়ান্ত না-দাবী পত্র এবং কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের ক্ষেত্রে সাময়িক না-দাবী পত্র গ্রহণ করতে হয়। সাময়িক ও চূড়ান্ত না-দাবী পত্রের জন্য যে সকল কাগজপত্র প্রয়োজন হবে তা নিম্নে উল্লেখ করা হল :

সাময়িক না-দাবীর-ক্ষেত্রে	চূড়ান্ত না-দাবীর ক্ষেত্রে
১. বাসাভাড়া ও অন্যান্য আনুষঙ্গিক কর্তন বিবরণী যা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় (১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তা) এবং সংশ্লিষ্ট অফিসের ডিডিও কর্তৃক (৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীর ক্ষেত্রে) যাচাইকৃত (বাসার দখল বুঝে নেওয়ার তারিখ হতে যে পর্যন্ত সাময়িক না-দাবী চাওয়া হচ্ছে)।	১. বাসাভাড়া ও অন্যান্য আনুষঙ্গিক কর্তন বিবরণী যা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় (১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তা) এবং সংশ্লিষ্ট অফিসের ডিডিও কর্তৃক (৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীর ক্ষেত্রে) যাচাইকৃত (বাসার দখল বুঝে নেওয়ার তারিখ হতে দখল বুঝিয়ে দেওয়ার তারিখ পর্যন্ত)।
২. বিদ্যুৎ বিল পরিশোধের প্রত্যয়নপত্র (মূলকপি)।	২. বিদ্যুৎ বিল পরিশোধের প্রত্যয়নপত্র (মূলকপি)।
৩. বাসা দখল গ্রহণ/হস্তান্তরের কপি।	৩. বাসা দখল গ্রহণ/হস্তান্তরের কপি।
৪. গ্যারেজ থাকলে গ্যারেজ ভাড়া পরিশোধের কপি।	৪. পিএলআর মঞ্জুরীর আদেশের সত্যায়িত কপি।
	৫. গ্যারেজ থাকলে গ্যারেজ ভাড়া পরিশোধের কপি।
	৬. ইতোপূর্বে সাময়িক না-দাবী গ্রহণ করলে তার কপি।

এ সেবা পেতে কোন ধরনের বিলম্ব কিংবা হয়রানি দেখা দিলে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সাথে সরাসরি যোগাযোগ করুনঃ

১.	ড. মোঃ আশরাফুল ইসলাম	পরিচালক (যুগ্মসচিব) ফোন : ৯৫৪৫০৩৭ e-mail: <a href="mailto:islam.phd@gmail.com">islam.phd@gmail.com</a> কক্ষ নং-৯, ভবন নং-৫
২.	মোঃ শহিদুল ইসলাম জুঙ্গা	অতিরিক্ত পরিচালক (উপ-সচিব) ফোন : ৯৫৪৫৮৭১ e-mail: <a href="mailto:shohid_206684@yahoo.com">shohid_206684@yahoo.com</a> কক্ষ নং-৬, ভবন নং-৫

না-দাবী আবেদন সংগ্রহের জন্য ভিজিট করুন : [www.doga.gov.bd](http://www.doga.gov.bd) .

  
(ড. মোঃ আশরাফুল ইসলাম)  
পরিচালক (যুগ্মসচিব)

সরকারি আবাসন পরিদপ্তর  
বাংলাদেশ সচিবালয়, কক্ষ নং-৯, ভবন নং-৫